

ঢাকা ওয়াসা

- ১/ ২০২৬-২৭ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের কপি।
 ২/ ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।
 ৩/ আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Cleaning of Sewer line & Sewer Overflow Work at H #21, Kaptan Bazar, H #248, Nawabpur Police fari & H #64/2, R. K Mission Road area under MODS Zone-1, Dhaka WASA.

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন H #21, Kaptan Bazar, H #248, Nawabpur Police fari & H #64/2, R. K Mission Road এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল সমূহ ব্লকেজ হয়ে ওভার ফ্লো হওয়া মর্মে স্থানীয় সম্মানিত গ্রাহকগণ ১৬১৬২-এ অভিযোগ করেন (ক্রঃ নং-২)। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সহকারী প্রকৌশলী সহ সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, বর্নিত হোল্ডিং সমূহের সামনের রাস্তায় পয়ঃ লাইন ও ম্যানহোল সমূহ ব্লকেজ হয়ে ওভার ফ্লো হচ্ছে। এতে এলাকায় অনেক দুর্গন্ধ ছড়াচ্ছে ও পরিবেশ দূষিত হচ্ছে। এছাড়াও রাস্তার পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এতে রাস্তার ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনাও রয়েছে। বর্নিত এলাকার অধিবাসীগণের নিকট হতে প্রায়ই অভিযোগ পাওয়া যাচ্ছে। তাই জরুরী ভিত্তিতে বর্নিত এলাকা সমূহের পয়ঃ ওভার ফ্লো সমস্যা নিরসনের জন্য অত্যন্ত জরুরী ভিত্তিতে কাজ করা প্রয়োজন। সেই লক্ষে বিষয় বর্নিত কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পূর্বানুমোদিত ও বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের টাকার পরিমাণ দাড়িয়েছে টাঃ ৪৮,৭০০.০০ (আটচল্লিশ হাজার সাতশত) টাকা মাত্র (ক্রঃ নং-৩)। উক্ত কাজের যাবতীয় মালামাল ও লেবার ঠিকাদার কর্তৃক সরবরাহ করে কাজ সম্পন্ন করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৬-২৭ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের ক্রঃ নং-১২ পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ খাত, যার কোড নং ০১-০৪-০০২ হতে নির্বাহ করা হবে। জনস্বার্থে কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, মডস জোন-০১ এর Cleaning of Sewer line & Sewer Overflow Work at H #21, Kaptan Bazar, H #248, Nawabpur Police fari & H #64/2, R. K Mission Road area under MODS Zone-1, Dhaka WASA কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯/১(ড) অনুযায়ী ঠিকাদার মেসার্স ইশিতা এন্টারপ্রাইজ এর সাথে সরাসরি চুক্তি (DPM) প্রক্রিয়ার মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপস্থাপিত টাঃ ৪৮,৭০০.০০ (আটচল্লিশ হাজার সাতশত) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

Baha
 24/08/26
 উপ-সহকারী প্রকৌশলী
 মডস জোন-১
 ঢাকা ওয়াসা।

Hossain
 16, 08, 26
 মোঃ ইমদাদুল হক
 সহকারী প্রকৌশলী
 মডস জোন-১
 ঢাকা ওয়াসা।

E.E.
Shah
 16-08-2026
 মোহাম্মদ তোহিদ এলাহী
 নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
 মডস জোন-১, ঢাকা ওয়াসা।

SE
 24/8/26
 SE(MODS Circle-1)

Alamgir
 24/08/2026
 আলমগীর হাছিন আহমেদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।
 SE MODS-1

CE